# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## প্রধান প্রকৌশলীর কার্যালয়

ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, (৮ম তলা), কক্ষ নং -৮৩১,
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
টেলিফোন ঃ ৫৫০১২৫০৩, সেল ঃ ০১৭১৪-০০৫৬৬০, E-mail: ce.onm@dwasa.org.bd

স্মারক নংঃ-৪৬.১১৩.৪০২.০০.০০.২০২০/১৮৪/প্রঃপ্রঃ তারিখঃ ৩০.০৫.২০২২ ইং

**বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের ঢাকা ওয়াসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর বিষয়ে কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম এর মে ২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ প্রকৌশলী মোঃ কামরুল হাসান, প্রধান প্রকৌশলী ও আহবায়ক, কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম, ঢাকা ওয়াসা।
সভার তারিখ ঃ ৩০.০৫.২০২২ খ্রিঃ
সভার সময় ঃ বিকাল ৪.০০ ঘটিকা
স্থান ঃ প্রধান প্রকৌশলীর দপ্তর, ০৮ তলা, ঢাকা ওয়াসা।
সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন।
সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট, কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম সভার কার্যক্রম শুরু করেন।

প্রথমেই বিগত মাসের এপিএ কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে আলাচনা হয়। তারপর সভার কার্যক্রম শুরু হয়। সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২৩ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ণ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২২-২৩ অর্থ বৎসরের খসড়া লক্ষ্যমাত্রা ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খসড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা ওয়াসার উইং সমূহ হতে মতামতের জন্য প্রেরিত চিঠি উত্তর অনুযায়ী কোন পরিবর্তন/ পরিমার্জন আছে কি-না তা আলোচনা হয়। এতদ্‌সংক্রান্ত কোন পরিবর্তন/পরিমার্জন পাওয়া যায়নি বলে সভাকে অবহিত করা হয়। | ২০২২-২৩ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা ওয়াসার উইং সমূহ হতে মতামত চাওয়া হলে কোন পরিবর্তন/পরিমার্জনের মতামত না থাকায় প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিত খসড়াটি প্রাথমিকভাবে চূড়ান্ত হিসেবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন নেয়ার সিদ্ধান্ত হয়। | ফোকাল পয়েন্ট<br>এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |
| ০২ | ২০২২-২৩ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া লক্ষ্যমাত্রা খসড়া চূড়ান্ত হিসেবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য এবং ২০২২-২৩ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে ব্যবস্থাপনা পরিচালক ও উইং প্রধান এবং ঢাকা ওয়াসার উইং প্রধান ও বিভাগীয় প্রধানগণের মধ্যে চুক্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | এতদ্‌সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম এর আগামী ১২ জুন ২০২২ পরবর্তী সময়ে সভার তারিখ নির্ধারণের জন্য সিদ্ধান্ত হয় এবং ২৫শে জুন এর মধ্যে উইং পর্যায়ের চুক্তি সম্পন্ন করার সিদ্ধান্ত হয়। | ফোকাল পয়েন্ট<br>এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |
| ০৩ | নির্ধারিত সময়ের মধ্যে এপিএ-র ৪র্থ ত্রৈমাসিক বা শেষ প্রান্তিক সহ ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | আগামী ৫ জুন ২০২২ এর মধ্যে যেসকল লক্ষ্যমাত্রা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে তার যথাযথ প্রমাণক সহ তথ্য | এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |

| | | | |
|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সময়মত প্রতিবেদন সংগ্রহের তাগিদ প্রদান করা হয়। আগামী ০৫ জুন ২০২২ এর মধ্যে যে সকল লক্ষ্যমাত্রা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে তার যথাযথ প্রমাণক সংগ্রহের বিষয়ে আলোচনা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী অসমাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | সংগ্রহ করতে হবে। | |
| ০৪ | ২০২২-২৩ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ণ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম এর সকল সদস্যকে সুস্পষ্ট ধারণা অর্জনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় । | উক্ত নির্দেশিকা সম্পর্কে গভীর ধারণা অর্জনের লক্ষ্যে নির্দেশিকাটি সম্পূর্ণরূপে কমিটির সদস্যগণ পর্যালোচনা করবেন। | এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |

অবশেষে ২০২১-২২ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ প্রমাণকসহ লক্ষ্য অর্জনে আমাদের আরো সচেষ্ট হতে হবে এবিষয়ে গুরুত্ব আরোপ কওে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ কামরুল হাসান)
প্রধান প্রকৌশলী
ও
আহবায়ক
কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম
ঢাকা ওয়াসা।

স্মারক নংঃ-৪৬.১১৩.৪০২.০০.০০.২০২০/১৮৪/প্রঃপ্রঃ তারিখঃ ৩০.০৫.২০২২ ইং

অনুলিপি (জেষ্ঠতার ভিত্তিতে নয়)
১। পরিচালক (উন্নয়ন/কারিগরি), ঢাকা ওয়াসা।
২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।
৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
৪। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৫। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
৬। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট,এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
৮। জনাব শাহিদা কানিজ, উপ-সচিব ও সদস্য, এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
৯। জনাব ইন্দ্রজিৎ সিংহ চৌধুরী, উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) ও সদস্য, এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
১০। জনাবা অর্পিতা সাহা, সহকারি সিস্টেম এনালিস্ট (এমআইএস) ও সদস্য, এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
১১। জনাব মোঃ মোকলেছুর রহমান, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা ওয়াসা।
১২। পি এ টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
১৩। অফিস কপি।

৩০.০৫.২২

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ও
ফোকাল পয়েন্ট
কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম
ঢাকা ওয়াসা।